গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd




স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫৪৯ তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে নজরুল বর্ষ উপলক্ষ্যে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা' আয়োজনের সময়সূচিসহ সংশোধিত পূর্ণাঙ্গ নির্দেশিকা প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.(অংশ-২).৫৩১, তারিখ: ৩০ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার ২৫ মে ২০২৬-২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' হিসেবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন, সাহিত্য, দর্শন ও সৃষ্টিকর্ম সাধারণ মানুষের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা' আয়োজন করা হবে। এতদ্‌উদ্দেশ্যে একটি সংশোধিত পূর্ণাঙ্গ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত সংশোধিত নির্দেশিকার আলোকে স্ব স্ব অধিক্ষেত্রে প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এছাড়া গত ৩০ জুলাই ২০২৬ তারিখের ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬(অংশ-২).৫৩১ সংখ্যক স্মারকে প্রেরিত নির্দেশিকাটি এতদ্দ্বারা রহিত করা হলো।

সংযুক্তি: সংশোধিত পূর্ণাঙ্গ নির্দেশিকা।

১১/৮/২০২৬

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd

**বিতরণ:**
১. জেলা প্রশাসক (সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার (সকল)।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
১১. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জেলা শিক্ষা অফিসার (সকল)।
১৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১৫. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৬. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি (সকল)।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. অফিস কপি।

১১/৮/২০২৫

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব

E:\Admin File (29-09-2019)\Letter-2025.doc343

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



**নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী প্রাথমিক, কারিগরি ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত নির্দেশিকা**

**সময়কাল : ৩১ আগস্ট হতে ৩১ অক্টোবর ২০২৬**

১. **উদ্দেশ্য:**

- জাতীয় পর্যায়ে নজরুল চর্চা ও সংরক্ষণ
- ভবিষ্যৎ প্রজন্মকে সাংস্কৃতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা
- ছাত্র-ছাত্রীদের মাঝে সৃজনশীলতা বিকাশ ও প্রতিভা অন্বেষণ
- জাতীয় পর্যায়ে একতা ও সম্প্রীতি জোরদার করা

২. **প্রতিযোগিতার বিষয়সমূহ:**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ❖ সঙ্গীত<br>(নজরুল সঙ্গীত) | ❖ কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>ক. প্রাথমিক পর্যায়<br>১. ভোর হলো<br>২. খোকার সাধ<br>৩. খুকি ও কাঠবিড়ালী ৪. মোসাহেব<br>৫.লিচু চোর<br>খ. কারিগরি ও মাধ্যমিক পর্যায়<br>১. সংকল্প<br>২. কান্ডারি হুশিয়ার<br>৩. বিদ্রোহী<br>৪. মানুষ<br>৫. ওমর ফারুক | ❖ চিত্রাংকন<br>(বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল) | ❖ অভিনয়<br>(একক)<br>কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশবিশেষ) | ❖ নৃত্য (একক)<br>(নজরুল সংগীত ভিত্তিক) |

৩. **প্রতিযোগিতায় অংশগ্রহণকারী:** নিম্নবর্ণিত বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে:

(ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়

(খ) মাধ্যমিক বিদ্যালয়

(গ) কারিগরি বিদ্যালয়

৪. মতবিনিময় সভা:

| তারিখ | পর্যায় |
|---|---|
| ১৩-১৯ আগস্ট | বিভাগ |
| ২০ আগস্ট | জেলা |
| ২৩ আগস্ট | উপজেলা |

- বিভাগীয় পর্যায়ের মতবিনিময় সভাসমূহে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা/সচিব, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করবেন। এছাড়া, সংশ্লিষ্ট বিভাগের জেলা প্রশাসকবৃন্দ মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন।
- জেলা প্রশাসক জেলা পর্যায়ে জেলা কমিটির সদস্যদের নিয়ে মতবিনিময় সভা করবেন। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ উপজেলা কমিটির সকল সদস্যদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করবেন।
- সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ স্থানীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করবেন।

**৫. প্রতিযোগিতা আয়োজনের পরিকল্পনা ও প্রস্তুতি:** ২১-৩০ আগস্ট ২০২৬

- বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে বিভিন্ন কমিটি গঠন
- বিচারক মনোনয়ন

**৬. প্রতিযোগিতার উদ্বোধন:**

| তারিখ | পর্যায় |
|---|---|
| ৩১ আগস্ট ২০২৬ | সমগ্র দেশে একযোগে উদ্বোধন<br>(জেলা ও উপজেলা পর্যায়ে) |

- **৩১ আগস্ট ২০২৬ তারিখ সোমবার সকাল ১০.০০ টায়** দেশব্যাপী একযোগে জেলা ও উপজেলা পর্যায়ে উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানে জেলা পর্যায়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য/জেলা প্রশাসক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উপজেলা পর্যায়ে মাননীয় সংসদ সদস্য/উপজেলা নির্বাহী অফিসার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়া এলাকার সংস্কৃতিজন, শিক্ষানুরাগী, গণ্যমান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ, গণমাধ্যম কর্মীদের আমন্ত্রণ জানাতে হবে।

৭.বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের সময়কাল :

| স্তর | দিন | সময়কাল | পর্যায় |
|---|---|---|---|
| বিদ্যালয় | ৫ দিন | ২, ৩, ৬, ৭ ও ৮ সেপ্টেম্বর ২০২৬ | প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে গ্রুপ-ক (১ম ও ২য় শ্রেণী) গ্রুপ-খ (৩য়-৫ম শ্রেণী) |
| | | ২, ৩, ৬, ৭ ও ৮ সেপ্টেম্বর ২০২৬ | কারিগরি ও মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে গ্রুপ-ক (৬ষ্ঠ-৮ম শ্রেণী) গ্রুপ-খ (৯ম-১০ম শ্রেণী) |
| উপজেলা | ৭ দিন | ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ২০ ও ২১ সেপ্টেম্বর ২০২৬ | উপজেলা পর্যায়ে (প্রাথমিক) |
| | ৫ দিন | ২২, ২৩, ২৭, ২৮ ও ২৯ সেপ্টেম্বর ২০২৬ | উপজেলা পর্যায়ে (কারিগরি ও মাধ্যমিক) |
| জেলা/সিটি কর্পোরেশন | ৫ দিন | ১, ৪, ৫, ৬ ও ৭ অক্টোবর ২০২৬ | জেলা পর্যায়ে (প্রাথমিক) |
| | ৩ দিন | ৮, ১১ ও ১২ অক্টোবর ২০২৬ | জেলা পর্যায়ে (কারিগরি ও মাধ্যমিক) |
| বিভাগ | ৩ দিন | ১৩, ১৪ ও ১৫ অক্টোবর ২০২৬ | বিভাগীয় পর্যায়ে (প্রাথমিক) |
| | ২ দিন | ২৭ ও ২৮ অক্টোবর ২০২৬ | বিভাগীয় পর্যায়ে (কারিগরি ও মাধ্যমিক) |
| জাতীয় | ৩ দিন | ২৯, ৩০ ও ৩১ অক্টোবর ২০২৬ | জাতীয় পর্যায়ে |

- বিদ্যালয় পর্যায়ের প্রতিযোগিতায় বিভিন্ন বিষয়ের বিজয়ীগণ উপজেলা পর্যায়ে, উপজেলা পর্যায়ের বিজয়ীগণ জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের বিজয়ীগণ বিভাগ পর্যায়ে এবং বিভাগ পর্যায়ের বিজয়ীগণ জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- প্রতিটি বিদ্যালয়ে প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্যে হতে ১ম স্থান অধিকারীগণ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- প্রতি উপজেলায় (পৌরসভাসহ) প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্যে হতে কেবল মাত্র ১ম স্থান অধিকারীগণ জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- সিটি কর্পোরেশনের অন্তর্গত বিদ্যালয়সমূহ প্রতিটি বিষয়ে বিদ্যালয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করবে। প্রতিটি বিদ্যালয় হতে প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্যে হতে ১ম স্থান অধিকারীগণ সংশ্লিষ্ট জেলা কমিটি কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।
- প্রতিটি জেলা থেকে প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্য হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- বিভাগ থেকে প্রতি বিষয়ে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগিগণ জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবে।
- <u>জাতীয় পর্যায়ে ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধাজনক সময়ে আয়োজিত হবে।</u>

৮. আয়োজক কমিটি:

নজরুল বর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার জন্য উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে নিম্নরূপভাবে কমিটি গঠিত হবে:

৮.১ জাতীয় কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মাননীয় উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | নির্বাহী পরিচালক, জাতীয় কবি নজরুল ইনস্টিটিউট | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ১০. | বিভাগীয় কমিশনার, ঢাকা | সদস্য |
| ১১. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | সদস্য |
| ১২. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৪. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৫. | চেয়ারম্যান, কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড | সদস্য |
| ১৬. | যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ১৮. | যুগ্মসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৯. | যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ২০. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন | সদস্য |
| ২১. | মহা-পুলিশ পরিদর্শকের প্রতিনিধি (এআইজিপি-এর নীচে নয়) | সদস্য |
| ২২. | জেলা প্রশাসক, ঢাকা | সদস্য |
| ২৩. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব- এর নীচে নয়) | সদস্য |
| ২৪. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয় | সদস্য |
| ২৫. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২৬. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২৭. | তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২৮. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) | সদস্য |
| ২৯. | সভাপতি, জাসাস | সদস্য |
| ৩০. | নজরুল গবেষক/শিল্পী/আবৃত্তিকার ৫ (পাঁচ) জন | সদস্য |
| ৩১. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩২. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩৩. | জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩৪. | জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩৫. | যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

৮.২ জাতীয় কমিটির কার্যপরিধি:

ক. প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি প্রণয়ন ও যাবতীয় দিক-নির্দেশনা প্রদান এবং প্রতিযোগিতার তারিখ ও সময় নির্ধারণ;

খ. পুরস্কার নির্ধারণ;

গ. প্রতিযোগিতা সংক্রান্ত বাজেট অনুমোদন;

ঘ. বিভাগীয় পর্যায়ে বিজয়ীদের অংশগ্রহণে জাতীয় প্রতিযোগিতা পরিচালনা ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

ঙ. প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ;

চ. চূড়ান্ত প্রতিযোগিতা অন্তে জাতীয় পর্যায়সহ সকল পর্যায়ের সেরা প্রতিযোগিদের সমন্বিত তালিকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিটিভি ও বাংলাদেশ বেতারে প্রেরণ;

ছ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.৩ বিভাগীয় কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | ডিআইজি (সংশ্লিষ্ট) | সদস্য |
| ৩. | মেট্রোপলিটন পুলিশ কমিশনার এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক (সকল) | সদস্য |
| ৫. | উপপরিচালক, স্বাস্থ্য বিভাগ | সদস্য |
| ৬. | উপপরিচালক (মাধ্যমিক শিক্ষা) | সদস্য |
| ৭. | বিভাগীয় সদরের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | উপপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স | সদস্য |
| ৯. | সিটি করপোরেশন/ পৌরসভার প্রশাসক ০১(এক) জন (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ০৩ (তিন) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | প্রতিনিধি, জাসাস ০১(এক) জন | সদস্য |
| ১২. | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | সদস্য সচিব |

**৮.৪ বিভাগীয় কমিটির কার্যপরিধি:**

ক. বিভাগীয় পর্যায়ে সকল প্রতিযোগিতার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে বিভাগের বিজয়ীদের সমন্বিত তালিকা জাতীয় কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.৫ জেলা কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্যবৃন্দ | উপদেষ্টা |
| ২. | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩. | পুলিশ সুপার | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (শি.উ./সা.) | সদস্য |
| ৬. | সিভিল সার্জন | সদস্য |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৮. | সুপারিনটেনডেন্ট (পিটিআই) | সদস্য |
| ৯. | প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১০. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১১. | সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স | সদস্য |
| ১২. | সভাপতি, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| ১৩. | সভাপতি, জাসাস | সদস্য |
| ১৪. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ০৩ (তিন) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. | সদর উপজেলার মডেল সপ্রাবি-র প্রধান শিক্ষক/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ১৬. | জেলা কালচারাল অফিসার | সদস্য সচিব |

**৮.৬ জেলা কমিটির কার্যপরিধি:**

ক. জেলা পর্যায়ে সকল প্রতিযোগিতার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে জেলার বিজয়ীদের সমন্বিত তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.৭ উপজেলা কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ২. | প্রশাসক, পৌরসভা | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৬. | অফিসার ইন চার্জ | সদস্য |
| ৭. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সকল) | সদস্য |
| ৮. | ইন্সট্রাক্টর, ইউআরসি | সদস্য |
| ৯. | উপজেলা ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি | সদস্য |
| ১০. | সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) | সদস্য |
| ১১. | উপজেলা সদরের উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | প্রধান শিক্ষক, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | সদস্য |
| ১৩. | উপজেলা সভাপতি, জাসাস | সদস্য |
| ১৪. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ৩ (তিন) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**৮.৮ উপজেলা কমিটির কার্যপরিধি:**

ক. উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে উপজেলার বিজয়ীদের সমন্বিত তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৯. প্রতিযোগিতার নিয়ম-কানুন:**

এ প্রতিযোগিতা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্দেশিকা ও আয়োজক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে। প্রতিযোগিতা পরিচালনায় এ নির্দেশিকার আওতায় সমাধানযোগ্য নয় এমন কোনো সমস্যা বা জটিলতা দেখা দিলে প্রচলিত নিয়ম অনুসারে নিষ্পত্তি করতে হবে।

**১০. প্রতিযোগিতা পরিচালনার জন্য বিচারক নির্বাচন:**

- বিদ্যালয় পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিচারক নিয়োগ করবে।
- উপজেলা, জেলা/সিটি কর্পোরেশন, বিভাগ এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটি বিচারক নিয়োগ করবে;
- প্রতিযোগিতা চলাকালীন বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- বিচারকদের যাতায়াত, খাবার ও অন্যান্য সম্মানী ভাতা নির্ধারিত হারে সংশ্লিষ্ট কমিটি বহন করবে।

১১. প্রতিযোগিতা এর পুরস্কার:

- জাতীয় পর্যায়ে চূড়ান্তভাবে ১ম, ২য়, ও ৩য় স্থান অর্জনকারীকে যথাক্রমে স্বর্ণ, রৌপ্য, ব্রোঞ্জ পদক এবং সনদপত্র প্রদান করা হবে;
- প্রতিটি পর্যায়ে বিজয়ীদের স্থানীয়ভাবে ক্রেস্ট, মেডেল প্রদান করা যাবে;
- শ্রেষ্ঠ প্রতিযোগিকে সনদ ও মেডেল দেয়া হবে।

১২. সংশোধন:

প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনবোধে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিকার সঙ্গে সঙ্গতি রেখে যেকোনো নিয়ম/কানুন সংশোধন/সংযোজন/পরিবর্তন/পরিবর্ধন করতে পারবে।

১৩. নির্দেশিকার প্রযোজ্যতা:

এই নির্দেশিকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী প্রাথমিক, কারিগরি ও মাধ্যমিক পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতার জন্য প্রযোজ্য হবে।

১৪. স্পষ্টীকরণ:

জারিকৃত নির্দেশিকার কোনো অংশ/অনুচ্ছেদ এর বিষয়ে অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তা স্পষ্টীকরণ করবে।

১৫. রহিতকরণ:

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ জুলাই ২০২৬ তারিখের স্মারক নং ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬ (অংশ-২).৫৩১ এর মাধ্যমে প্রেরিত নির্দেশিকা এতদ্বারা রহিত করা হলো।

২১/০৮/২০২৬

মৌসুমী সরকার রাখী
উপসচিব (অনুষ্ঠান)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।